



স্কুল ট্যাক্স রিলিফ (STAR) ক্রেডিটের জন্য নিবন্ধন

আপনার নতুন বাড়ির জন্য অভিনন্দন! এটি যদি আপনার মূল আবাসন হয়ে থাকে তাহলে কয়েক মিনিট সময় নিয়ে STAR ক্রেডিটে নিবন্ধন করুন।

যোগ্য নতুন মালিকগণ নিউ ইয়র্ক স্টেটের সরাসরি চেকের মাধ্যমে STAR সেভিংস পাবেন।

কিন্তু STAR ক্রেডিট চেক পেতে আপনাকে অবশ্যই নিউ ইয়র্ক স্টেট ট্যাক্স ডিপার্টমেন্টে (New York State Tax Department) নিবন্ধন করতে হবে।

আপনি www.tax.ny.gov/star এ দিনে 24 ঘন্টা, সপ্তাহে 7 দিন নিবন্ধন করতে পারবেন।

যে সব সম্পত্তির মালিকের কম্পিউটারে অ্যাক্সেস নেই তারা কার্যদিবসে সকাল 8:30 থেকে বিকেল 4:30 টায় 518-457-2036 নম্বরে ফোন করে নিবন্ধন করতে পারবেন।

আমাদের ব্যবহারকারীদের কাছ থেকে
STAR নিবন্ধন আবেদনের মতামত:

‘স্বচ্ছন্দময় ও সহজে ব্যবহারযোগ্য।’

‘খুবই ব্যবহারবান্ধব। সহজে ধাপে ধাপে
অনুরসরণীয়।’

‘আমি প্রত্যাশা করেছিলাম এটি দীর্ঘ
প্রক্রিয়া... কিন্তু তা নয়।’

আপনি কি STAR এর যোগ্য?

আপনি যদি আপনার বাড়ির মালিক হন, সেটি আপনার প্রাথমিক আবাসন হয় এবং আয় \$500,000 বা এর কম হলে আপনি বেসিক STAR ক্রেডিটের যোগ্য হবেন।

এছাড়াও, আপনি 65 বা তার বেশি বয়সী হলে এবং আয় \$92,000 বা এর কম হলে আপনি এনহ্যান্সড STAR ক্রেডিটের জন্য যোগ্য হতে পারেন।

আপনার নতুন বাড়ির প্রথম বছরে, আপনি আগের মালিকের STAR অব্যাহতি পেতে পারেন। আগামী বছরগুলোতে, যত দিন আপনি যোগ্য থাকবেন, আমরা আপনাকে STAR চেক পাঠাব। আপনাকে আবার নিবন্ধন করতে হবে না।

নিবন্ধনের আগে নিম্নোক্ত তথ্য সাথে রাখুন:

- সম্পত্তির সকল মালিকগণ ও তাদের স্বামী বা স্ত্রীগণের নাম ও সোশ্যাল সিকিউরিটি নম্বর
- মূল আবাসনের অবস্থানের স্কুল ডিস্ট্রিক্টে নাম
- সম্পত্তিটি ক্রয়ের আনুমানিক তারিখ ও বিক্রেতার নাম
- আপনি যদি স্কুলের ট্যাক্স বিল পেয়ে থাকেন তাহলে সর্বশেষ কপি
- অন্য স্টেট কর্তৃক অধিকৃত কোনো সম্পত্তির ঠিকানা
- যদি সম্পত্তিটি কোনো ট্রাস্ট কর্তৃক অধিকৃত হয় তাহলে ট্রাস্টের আইনগত নাম
- সকল মালিকের 2020 ফেডারেল বা স্টেটের আয়কর রিটার্ন (যদি আপনি 2020 আয়কর রিটার্ন দাখিল না করেন, আপনার কাছে সম্পত্তির সকল মালিকের অর্থনৈতিক তথ্য চাওয়া হবে)

